অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/7/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ফেয়ার হাউজিং মাস চলাকালীন আবাসন বৈষম্য মোকাবেলায় সাফল্যের কথা তুলে ধরেন

2025 সালে নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হিউম্যান রাইটস আবাসন বৈষম্যের শিকার ব্যক্তিদের প্রায় 1 মিলিয়ন ডলার আর্থিক ক্ষতিপূরণ প্রদান করেছে

গভর্নর হোকল এর ঐতিহাসিক বিনিয়োগের পরে, ডিভিশনের হাউজিং ইনভেস্টিগেশন ইউনিট বার্ষিক মামলা নিষ্পত্তিতে উল্লেখযোগ্য বৃদ্ধি প্রদর্শন করে

বাধ্যতামূলক ব্যবস্থাগুলির মধ্যে আবাসন নীতিতে পরিবর্তন, ভাড়াটেদের জন্য বৈষম্য-বিরোধী সংস্থান সরবরাহ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ প্রতিকারও অন্তর্ভুক্ত রয়েছে

ফেয়ার হাউজিং মাসের স্বীকৃতিতে স্টেটের ল্যান্ডমার্কগুলোকে নীল আলোয় আলোকিত করে তোলা হবে

এপ্রিল 28 এ ডিভিশনের ফেয়ার হাউজিং সম্মেলনে যোগদানের জন্য এখানে নিবন্ধন করুন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ আবাসন বৈষম্য মোকাবেলায় স্টেটের প্রচেষ্টায় উল্লেখযোগ্য অগ্রগতির কথা ঘোষণা করেছেন। তিনি উল্লেখ করেন যে, নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হিউম্যান রাইটস (Division of Human Rights) 2025 সালে যারা এজেন্সির কাছে আবাসন সংক্রান্ত বৈষম্যের অভিযোগ দায়ের করেছিলেন, তাদের প্রায় 1 মিলিয়ন ডলার আর্থিক ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে এবং নীতি ও কার্যপ্রণালীতে এমন পরিবর্তন আনা হয়েছে যা ভবিষ্যতে আবাসন প্রদানকারী ও তাদের প্রতিনিধিদের বৈষম্যমূলক কার্যকলাপকে দমন করবে। 2021 সালে গভর্নর Hochul (হোকল) দায়িত্ব গ্রহণের পর থেকে, এজেন্সির আবাসন তদন্ত ইউনিট (Housing Investigations Unit) তাদের বার্ষিক মামলা নিষ্পত্তির সংখ্যা তিনগুণেরও বেশি বাড়িয়েছে এবং আবাসন বৈষম্যের শিকার ব্যক্তিদের প্রদত্ত মোট বার্ষিক আর্থিক ক্ষতিপূরণের পরিমাণ পাঁচগুণেরও বেশি বৃদ্ধি করা নিশ্চিত করেছে।

"আমার প্রশাসন নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে এবং নিউ ইয়র্ককে আরও সাশ্রয়ী করে তুলতে দৃঢ়প্রতিজ্ঞ," **গভর্নর Hochul (হোকল) বলেন।** আবাসন বৈষম্য এবং অন্যান্য অন্যায্য আবাসন প্রথা প্রতিরোধ করা এই উভয় লক্ষ্যের জন্যই অপরিহার্য। বৈষম্য বা অন্যান্য অন্যায্য

আবাসন নীতির কারণে কাউকেই একটি নিরাপদ ও সাশ্রয়ী মূল্যের বাড়ি খুঁজে পেতে বাধা দেওয়া উচিত নয় এবং নিউ ইয়র্ক স্টেট ন্যায্য আবাসনের পক্ষে কাজ করা এবং ন্যায্য আবাসন সংক্রান্ত সব ধরনের কুসংস্কারের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাবে।"

গভর্নর Hochul (হোকল) ফেয়ার হাউজিং মাস (Fair Housing Month) উপলক্ষে এবং 1968 সালের 11ই এপ্রিল কার্যকর হওয়া, যুগান্তকারী ফেডারেল ফেয়ার হাউজিং অ্যাক্ট (Fair Housing Act), যা বৈষম্যমূলক আবাসন প্রথাকে বেআইনি ঘোষণা করে এবং সারা দেশের স্থানীয় কর্তৃপক্ষকে ন্যায্য আবাসন ব্যবস্থা এগিয়ে নিয়ে যাওয়া বাধ্যমূলক করে, তার 54তম বছর উদযাপনের জন্য আজ সন্ধ্যায়, মঙ্গলবার, 7ই এপ্রিল, স্টেটজুড়ে গুরুত্বপূর্ণ স্থানগুলি নীল আলোয় আলোকিত করার নির্দেশ দিয়েছেন।

নিম্নলিখিত গুরুত্বপূর্ণ স্থানগুলি আলোকিত করা হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Governor Mario M. Cuomo Bridge)
- কোসিউস্কো ব্রিজ (Kosciuszko Bridge)
- দ্য এইচ. কার্ল ম্যাককল SUNY ভবন (The H. Carl McCall SUNY Building)
- স্টেট এডুকেশন বিল্ডিং (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস – মেন গেট ও এক্সপো সেন্টার
- নায়াগ্রা ফলস
- দ্য “ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট” মিড-হাডসন ব্রিজ (The “Franklin D. Roosevelt” Mid-Hudson Bridge)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট (Grand Central Terminal – Pershing Square Viaduct)
- অ্যালবানি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট গেটওয়ে (Albany International Airport Gateway)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ইরি ক্যানেলের (Erie Canal) উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge)
- ময়নিহ্যান ট্রেন হল (Moynihan Train Hall)
- রুজভেল্ট আইল্যান্ড লাইটহাউস (Roosevelt Island Lighthouse)

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হিউম্যান রাইটস (Division of Human Rights)-এর কমিশনার Denise M. Miranda, Esq. (ডেনিস এম. মিরান্ডা এস্কোয়ার) বলেছেন, "প্রত্যেক নিউ ইয়র্কবাসীর একটি নিরাপদ ও মর্যাদাপূর্ণ বাসস্থান পাওয়ার সমান সুযোগ প্রাপ্য। ডিভিশন অফ হিউম্যান রাইটস-এ আমরা বর্তমান বা সম্ভাব্য ভাড়াটে এবং বাড়ির মালিকদের বৈষম্য থেকে রক্ষা করতে, মানবাধিকার আইন অনুযায়ী তাদের অধিকার ও দায়িত্ব সম্পর্কে জনসাধারণকে অবহিত করতে এবং বৈষম্যকারীদের জবাবদিহিতার আওতায় আনতে গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা গভর্নর Hochul (হোকল) এর নেতৃত্বের জন্য এবং HCR

(এইচসিআর)-এর অব্যাহত অংশীদারিত্বের জন্য কৃতজ্ঞ এবং আমি দপ্তরের আবাসন তদন্ত ইউনিট (Housing Investigations Unit), মামলা দায়ের করার ইউনিট (Prosecutions Unit), আবাসন সংক্রান্ত মামলা-মোকদ্দমা ইউনিট (Housing Litigation Unit) এবং ডিভিশন ইনিশিয়েটেড অ্যাকশন ইউনিটের (Housing Litigation Unit and Division Initiated Action Unit) কাজের জন্য গর্বিত — যারা সকলেই নিউ ইয়র্কবাসীদের আবাসন বৈষম্য থেকে রক্ষা করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal, HCR) কমিশনার RuthAnne Visnauskas (রুথ অ্যান ভিসনাউকাস) বলেছেন, "আবাসন কখনই বৈষম্যের দ্বারা সীমাবদ্ধ হওয়া উচিত নয়, বরং সুযোগ, পছন্দ এবং সমতার দ্বারা বৈশিষ্ট্যমণ্ডিত হওয়া উচিত। আমাদের ন্যায্য ও পক্ষপাতশূন্য আবাসন দপ্তর এটা নিশ্চিত করতে কাজ করে যে, নিউ ইয়র্কের প্রত্যেক বাসিন্দা যেন প্রাণবন্ত এলাকাগুলোতে বাড়ি ভাড়া বা কেনার সমান সুযোগ পায়। ন্যায্য আবাসন এবং অর্থনৈতিক গতিশীলতাকে সমর্থন করে এমন কমিউনিটি গড়ে তুলতে সহায়তা করার জন্য গভর্নর Hochul (হোকল) কে ধন্যবাদ।"

আজকের এই ঘোষণাটি ডিভিশন অফ হিউম্যান রাইটস-এ, গভর্নর Hochul (হোকল) এর ঐতিহাসিক বিনিয়োগের অব্যাহত প্রভাবকে তুলে ধরে। দায়িত্ব গ্রহণের পর থেকে গভর্নর Hochul (হোকল) আবাসন দপ্তরের তহবিল দ্বিগুণেরও বেশি বাড়িয়েছেন — যার ফলে কমিশনার ডেনিস মিরান্ডার নেতৃত্বে দপ্তরটি কার্যক্রমের উন্নতি এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য বৈষম্যের অভিযোগ জানানোর প্রক্রিয়াকে আরও কার্যকর করার লক্ষ্যে একাধিক গুরুত্বপূর্ণ ও চলমান সংস্কারের দায়িত্বগ্রহণ করতে পেরেছে।

এই সংস্কারগুলোর অনেকগুলোই সর্বপ্রথম দপ্তরের আবাসন তদন্ত ইউনিট (Housing Investigations Unit, HIU)-এর মধ্যে বাস্তবায়ন করা হয়েছিল এবং ইউনিটটির সাম্প্রতিক কর্মক্ষমতা থেকে বোঝা যায় যে এই প্রচেষ্টাগুলো সফল হচ্ছে। 2021 সালে গভর্নর Hochul (হোকল) দায়িত্ব গ্রহণের পর থেকে HIU-এর বার্ষিক মামলা নিষ্পত্তির হার তিনগুণেরও বেশি বৃদ্ধি পেয়ে 2021 সালের 333 থেকে 2025 সালে 1,020-এ দাঁড়িয়েছে। একই সময়কালে, HIU আবাসন বৈষম্যের শিকার নিউ ইয়র্কবাসীদের জন্য বার্ষিক আর্থিক ক্ষতিপূরণের পরিমাণ পাঁচ গুণেরও বেশি নিশ্চিত করেছে, যা 2021 সালে 172,214 ডলার থেকে বেড়ে 2025 সালে 939,557 ডলার হয়েছে।

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হিউম্যান রাইটস এর ন্যায্য আবাসন দপ্তরের সহযোগী ডেপুটি কমিশনার Chelsea L. John, Esq. (চেলসি এল. জন, এস্কোয়ার) বলেছেন, "গভর্নর Hochul (হোকল) এবং নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হিউম্যান রাইটস এই বিষয়টি নিশ্চিত করতে তাদের অঙ্গীকার প্রদর্শন করেছেন যে, নিউইয়র্কবাসীর জন্য এমন একটি স্টেট এজেন্সি রয়েছে যা ন্যায্য আবাসনের লড়াইয়ে প্রকৃত ন্যায়বিচার প্রতিষ্ঠা করতে চায়। এবং প্রকৃত ও ব্যবহারিক কাজে কর্মরত ব্যক্তিরা এই অঙ্গীকারেরই প্রতিফলন ঘটান। দপ্তরের নিবেদিত আবাসন তদন্ত ইউনিট, প্রসিকিউটর এবং আবাসন সংক্রান্ত মোকদ্দমা ইউনিট আরও জোরালো ও নিরপেক্ষ তদন্ত পরিচালনা করছে, আবাসন বৈষম্যের অভিযোগের বিচার করছে এবং

দোষীদের জবাবদিহিতার আওতায় আনার পাশাপাশি নিউ ইয়র্কবাসীদের আরও দক্ষতার সাথে সেবা প্রদানের জন্য কাজ করছে।"

গত বছর দপ্তর কর্তৃক নিষ্পত্তি করা আবাসন বৈষম্য সংক্রান্ত অভিযোগগুলির কয়েকটি উদাহরণ হলো:

- একটি অলাভজনক ন্যায্য আবাসন সংস্থার সাথে জড়িত একটি মামলায় 40,000 ডলারের নিষ্পত্তি যেখানে সংস্থাটি একটি ব্রোকারেজ সংস্থার বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছিল যে এর এজেন্টরা বেশ কয়েকজন সম্ভাব্য ভাড়াটিয়ার সাথে বৈষম্য করেছে যারা ভাড়া ভর্তুকি ব্যবহার করে তাদের ভাড়া পরিশোধ করার পরিকল্পনা করেছিল। 40,000 ডলারের মীমাংসা প্রদানের পাশাপাশি, এই মামলার বিবাদী অভিযোগকারীর বেশ কয়েকজন মক্কেলকে বিনামূল্যে আবাসন খুঁজে পেতে ও নিশ্চিত করতে সহায়তা করার জন্য ব্রোকারেজ পরিষেবা প্রদান করতেও সম্মত হয়েছেন। বিবাদী আবাসন প্রদানকারী একটি বৈষম্যবিরোধী নীতি গ্রহণ করতে, ন্যায্য আবাসন প্রশিক্ষণ সম্পন্ন করতে এবং সকল বৈধ আয়ের উৎস সহ ভাড়াটেদের গ্রহণযোগ্যতা প্রতিফলিত করার জন্য তাদের ওয়েবসাইট আপডেট করতেও সম্মত হয়েছেন।
- জাতিগত পরিচয়ের ভিত্তিতে সম্ভাব্য ক্রেতাদের সাথে বৈষম্যমূলক আচরণ এবং তাদের প্রভাবিত করার অভিযোগ সংক্রান্ত একটি মামলার নিষ্পত্তি। বিবাদীরা 8,000 ডলার ক্ষতিপূরণ প্রদান করেন এবং তাদের সমস্ত বিজ্ঞাপন এবং প্রচারমূলক সামগ্রী সমান সুযোগের আবাসন লোগো দিয়ে আপডেট করতে, ন্যায্য আবাসন প্রশিক্ষণে অংশ নিতে, দপ্তরের বৈষম্যবিরোধী পোস্টার প্রদর্শন করতে, একটি বৈষম্যবিরোধী নীতি গ্রহণ করতে এবং এক বছরের জন্য দপ্তরের পর্যবেক্ষণের অধীনে থাকতে সম্মত হন।
- জামাইকা, কুইন্সের একটি আবাসিক ভবনের মালিক, ব্যবস্থাপক এবং এজেন্টদের বিরুদ্ধে আবাসন বৈষম্য মামলায় 55,000 দলার জরিমানা করা হয়। এই মর্মে খবর পাওয়ার পর দপ্তরটি একটি অভিযোগ দায়ের করেছে যে, আবাসন প্রদানকারীরা তাদের ভবনের লবিতে এমন একটি সাইনবোর্ড টাঙিয়েছে, যেখানে শুধুমাত্র কোনো ব্যক্তির জাতীয়তার ভিত্তিতে তাকে মার্কিন অভিবাসন ও শুল্ক প্রয়োগকারী (Immigration and Customs Enforcement) সংস্থার কাছে রিপোর্ট করতে লোকজনকে উৎসাহিত করা হয়েছে। 55,000 ডলার জরিমানা প্রদানের পাশাপাশি, মামলার নিষ্পত্তির অংশ হিসেবে বিবাদীরা ভবনের একটি সাধারণ স্থানে দপ্তরের ন্যায্য আবাসন পোস্টার প্রদর্শন করতে, একটি লিখিত ন্যায্য আবাসন নীতি বাস্তবায়ন করতে, তাদের ভাড়া নীতি থেকে আবেদনকারী এবং/অথবা ভাড়াটিয়ার জাতীয়তা সম্পর্কিত প্রশ্নগুলো অপসারণ করতে এবং একটি ন্যায্য আবাসন প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করতে সম্মত হয়েছেন।
- একটি কেসে একটি প্রপার্টি ম্যানেজমেন্ট কোম্পানির এবং এজেন্টদের বিরুদ্ধে জরিমানা করা হয়, যেখানে একজন হুইলচেয়ার ব্যবহারকারী ব্যক্তি প্রাথমিকভাবে বিবাদীদের বিরুদ্ধে এই অভিযোগ আনেন যে, তারা প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হয়েছে। পক্ষগণ এই মূল অভিযোগটির সমঝোতা করেছিল, কিন্তু দপ্তরটি পরবর্তী সময়ে একটি নতুন অভিযোগ দায়ের করে এই মর্মে যে, কোম্পানিটি সমঝোতার মূল চুক্তির শর্তাবলী পালনে ব্যর্থ হয়েছে। দপ্তরের সাথে নতুন সমঝোতায়, কোম্পানিটি 20,000 ডলার জরিমানা দিতে, প্রতিবন্ধী ভাড়াটেদের সুরক্ষার জন্য নতুন

নীতি গ্রহণ করতে এবং ভবিষ্যতে লঙ্ঘন প্রতিরোধের জন্য প্রশিক্ষণ সম্পন্ন করতে সম্মত হয়েছে।

এই মামলাগুলো ছাড়াও, দপ্তরটি বিভিন্ন ধরনের মামলার নিষ্পত্তি করেছে যা অভিযোগকারীদের অতিরিক্ত প্রতিকার এনে দিয়েছে, যার মধ্যে রয়েছে বকেয়া রক্ষণাবেক্ষণ ফি এবং অন্যান্য পাওনা মওকুফ; প্রতিবন্ধী ব্যক্তির জন্য বিশেষ পার্কিং স্থান; হুইলচেয়ার ব্যবহারকারী ব্যক্তির জন্য র্যাম্প স্থাপন; নতুন অ্যাপার্টমেন্ট, অ্যাপার্টমেন্ট হস্তান্তর বা লীজ নবায়ন; রেন্ট ক্রেডিট; এবং কোনো জরিমানা ছাড়াই মেয়াদপূর্তির পূর্বে লীজ বাতিল করার ক্ষমতা।

দপ্তরে অভিযোগ দায়ের করলেই অর্থপ্রাপ্তি বা অন্য কোনো প্রতিকার নিশ্চিত হয় না। সমস্ত অভিযোগ তার স্বতন্ত্র পরিস্থিতির ভিত্তিতে তদন্ত করা হয় এবং এজেন্সির অভিযোগ প্রক্রিয়ার মাধ্যমে প্রতিকার নিশ্চিত করা হয়।

ফেয়ার হাউজিং মাস সম্মেলন

ফেয়ার হাউজিং মাসের অংশ হিসেবে, ডিভিশন অফ হিউম্যান রাইটস আগামী 28শে এপ্রিল, মঙ্গলবার, ব্রঙ্কসের ফোর্ডহ্যাম ইউনিভার্সিটিতে (Fordham University) "দ্বার উন্মোচন ও সুযোগের বিকাশ (Opening Doors & Unlocking Opportunities)" শীর্ষক একটি ন্যায্য আবাসন সম্মেলনের আয়োজন করবে। এই সারাদিন ধরে চলা সম্মেলনে আবাসন, আইন, শিক্ষা, রিয়েল এস্টেট এবং সরকারি চাকরি করা পেশাজীবীরা একত্রিত হবেন, যাতে তারা নিউ ইয়র্ক স্টেট জুড়ে ন্যায্য আবাসনকে প্রভাবিত করে এমন বর্তমান প্রতিবন্ধকতাগুলো সম্পর্কে জানতে এবং সেগুলোর সমাধান করতে পারেন। প্রোগ্রামটিতে প্যানেল আলোচনা, কর্মশালা এবং নেটওয়ার্কিং ও সহযোগিতার সুযোগ থাকবে। সশরীরে উপস্থিতির সুযোগ সীমিত এবং ভার্চুয়াল অংশগ্রহণের সুযোগ রয়েছে। আগ্রহী পক্ষগণ সম্মেলনের ওয়েবপেজ পরিদর্শন করে আরও জানতে এবং অংশগ্রহণের জন্য নিবন্ধন করতে পারেন।

ন্যায্য ও সাশ্রয়ী আবাসনের জন্য সংগ্রামের একটি রেকর্ড

দায়িত্ব গ্রহণের পর থেকে গভর্নর Hochul (হোকল) শুধু সকল নিউ ইয়র্কবাসীর জন্য আবাসনকে আরও সাশ্রয়ী করতেই নয়, বরং স্টেটের প্রতিটি প্রান্তে ন্যায্য আবাসন আইন ও নীতি শক্তিশালী করতেও ধারাবাহিকভাবে সংগ্রাম করে এসেছেন।

2023 অর্থবছর থেকে গভর্নর সুনির্দিষ্ট বিনিয়োগের মাধ্যমে আবাসন সরবরাহ বাড়াতে কাজ করেছেন, 25 বিলিয়ন ডলারের একটি সমন্বিত আবাসন পরিকল্পনা চালু করেছেন এবং ভাড়াটে ও বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষা ব্যবস্থা বাস্তবায়ন করেছেন। 2027 অর্থবছরের নির্বাহী বাজেটের মাধ্যমে স্টেট ব্যাপী 100,000 সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণের লক্ষ্যে গভর্নরের বর্তমান 25 বিলিয়ন ডলারের পঞ্চবার্ষিকী আবাসন পরিকল্পনাটি সম্পন্ন হয়েছে। এখন পর্যন্ত 80,000-এর বেশি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করা হয়েছে। নির্বাহী বাজেট সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণকে ত্বরান্বিত করার জন্য 250 মিলিয়ন ডলার বিনিয়োগ করছে, যাতে আরও হাজার হাজার সাশ্রয়ী মূল্যের বাড়ি দ্রুত নির্মাণ করা যায়।

দায়িত্ব গ্রহণের পর থেকে গভর্নর Hochul (হোকল) বৈষম্যমূলক প্রভাব থেকে সুরক্ষার বিধানকে বিধিবদ্ধ করতে; মূল্যায়ন সংক্রান্ত বৈষম্য নিষিদ্ধ করতে; বেআইনি আবাসন বৈষম্যের জন্য

শান্তি বাড়াতে; ন্যায্য আবাসন পরীক্ষাকে সমর্থন করার জন্য একটি তহবিল তৈরি করতে; এবং রিয়েল এস্টেট পেশাদারদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রসারিত করতে গুরুত্বপূর্ণ ন্যায্য আবাসন আইনও প্রণয়ন করেছেন।

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হিউম্যান রাইটস সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হিউম্যান রাইটস হল স্টেট এজেন্সি যারা নিউ ইয়র্ক স্টেটে মানবাধিকার আইন, দেশের সবচেয়ে পুরনো স্টেট-স্তরের বৈষম্যবিরোধী আইন এবং দেশের নাগরিক এবং মানবাধিকার সুরক্ষার অন্যতম একটি সর্বাঙ্গীণ সমষ্টি প্রয়োগ করে।

যদি কেউ মনে করেছেন তাদের সাথে বৈষম্য করা হচ্ছে তাহলে তারা ডিভিশনকে (844) 697-3471 নম্বরে কল করে বা dhr.ny.gov ভিজিট করে সেই ব্যাপারে রিপোর্ট করতে পারে। দপ্তরের সকল মামলা-মোকদ্দমা বিনামূল্যে পরিচালিত হয়।

নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার আইন সম্পর্কে আরও তথ্য জানতে বা বৈষম্যের রিপোর্ট করতে অনুগ্রহ করে dhr.ny.gov ভিজিট করুন এবং সোশ্যাল মিডিয়ায় ডিভিশন অফ হিউম্যান রাইটসকে অনুসরণ করুন: Facebook, Instagram, LinkedIn, Threads, X এবং YouTube।।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন